

শিক্ষার মানের অবনতি নিয়ে উদ্বিগ্ন সবাই: শিক্ষা উপদেষ্টা

অনলাইন ডেক্স

২৬ নভেম্বর ২০২৫, ০৮:৫৫ পিএম



শিক্ষার মানের অবনতি নিয়ে অভিভাবক-শিক্ষকসহ সবাই উদ্বিগ্ন বলে জানিয়েছেন শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. সি আর আবরার।

বুধবার (২৬ নভেম্বর) রাজধানীতে শিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের যৌথ আয়োজনে এক আলোচনা সভায় এসব কথা বলেন শিক্ষা উপদেষ্টা।

সি আর আবরার বলেন, শিক্ষার মান নিয়ে যে উদ্বেগ দীর্ঘ দিন ধরে বিদ্যমান, তা কাটাতে বাস্তবসম্মত ও নির্মোহ মূল্যায়ন ছাড়া অন্য কোনো পথ নেই। অভিভাবক, শিক্ষক সকলেই মানের অবনতি নিয়ে উদ্বিগ্ন।

শিক্ষা উপদেষ্টা বলেন, বহু উদ্যোগ নেওয়া হলেও গ্রাসরঞ্চ পর্যায়ের বাস্তব চ্যালেঞ্জগুলোকে আরও গভীরভাবে বুঝতে হবে। শিক্ষার মান উন্নয়নে যেসব তথ্য-উপাদান উপস্থাপন করা হয়েছে, তা অত্যন্ত তাৎপর্যপূর্ণ এবং ভবিষ্যত নীতিমালার ভিত্তি হিসেবে কাজ করবে।

তিনি বলেন, বাংলাদেশের সেকেন্ডারি ও প্রাথমিক শিক্ষার মান আন্তর্জাতিক র্যাংকিংয়ে কোথায় অবস্থান করছে, তা জানতে সরকার ইতোমধ্যে একটি আন্তর্জাতিক মূল্যায়ন কাঠামোর সদস্য হওয়ার প্রক্রিয়া শুরু করেছে।

উপদেষ্টা বলেন, ‘আমরা হয়তো নিচের দিকেই থাকব তাতে সমস্যা নেই। অন্ততপক্ষে জানব আমরা কোথায় আছি, কী ঠিক করতে হবে।’

আমাদের সময়/জেএইচ